

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এম পি এর নামে একাধিক ফেইক ফেইসবুক আইডি ব্যবহার সংক্রান্ত


ঢাকা, ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঃ; ৩১ মে, ২০১৬ খ্রিঃ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে মাননীয় কৃষি মন্ত্রী মতিয়া চৌধুরী, এমপি এর নামে কে বা কাহারা বেআইনিভাবে ফেইক ফেসবুক পরিচালনা করছে। যার পরিপ্রেক্ষিতে এই সংক্রান্ত বিষয়ে বিটিআরসি'র চেয়ারম্যানকে অবহিত করা হয়েছে এবং রমনা মডেল থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়েছে।

মাননীয় কৃষি মন্ত্রী মতিয়া চৌধুরী এমপি কোন ফেইস বুক আইডি পরিচালনা করেন না এবং ভবিষ্যতেও ফেইস বুক পরিচালনা করার অভিপ্রায় নেই, বলে জানিয়েছেন।

ইতিপূর্বে কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মতিয়া চৌধুরী, এমপি এর নামে ফেইক ফেইসবুক আইডি এবং ই-মেইল আইডি খুলে বে-আইনীভাবে কার্যক্রম পরিচালনা করা হয়েছিল। এ বিষয়ে সংশ্লিষ্টদের অবগত করা হলে সেটির কার্যক্রম বন্ধ করা হয়েছিল। কিন্তু বর্তমানে মাননীয় মন্ত্রীর নামে আরও নতুন দু'টি ফেইক ফেইসবুক আইডি খুলে বেআইনীভাবে কার্যক্রম পরিচালনা করা হয়ে আসছে মর্মে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছে, যার সাথে মাননীয় মন্ত্রী মহোদয়ের কোন সংশ্লিষ্টতা নেই।

এমতাবস্থায়, মাননীয় কৃষি মন্ত্রী মতিয়া চৌধুরী, এমপি এর নামে পরিচালিত উল্লেখিত ফেইক ফেইসবুক আইডি দুইটির কার্যক্রম অনতিবিলম্বে বন্ধকরণ এবং যদি মাননীয় মন্ত্রী মতিয়া চৌধুরী এর নামে অন্য কোন ফেইক ফেইসবুক আইডি থাকে সেগুলি বন্ধ করাসহ ভবিষ্যতে যেন মাননীয় মন্ত্রী মতিয়া চৌধুরী এমপি এর নামে এ ধরনের ফেইক ফেইসবুক আইডির কার্যক্রম পরিচালনা কেউ না করতে পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট বিষয়ের সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য রমনা মডেল থানায় ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখে ২১৪৮ নং সাধারণ ডায়েরী দায়ের করা হয় এবং এ বিষয়ে চেয়ারম্যান বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়। এ বিষয়ে সকল মহলের সহযোগিতা একান্তভাবে কাম্য।



বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

ফোনঃ ৯৫১৪৭৭৬

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

E-mail: vivekroy07@yahoo.com